রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, ফেব্রুয়ারি ২৪, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/ ২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০১.২৬.৩৫—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)'** নিম্নরূপে গঠন করেছে :

১.১। **কমিটির গঠন** :

| | | |
|---|---|---|
| (১) | জনাব তারেক রহমান<br>প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | সভাপতি |
| (২) | মির্জা ফখরুল ইসলাম আলমগীর<br>মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | বিকল্প সভাপতি |
| (৩) | জনাব আমীর খসরু মাহমুদ চৌধুরী<br>মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | জনাব সালাহউদ্দিন আহমদ<br>মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | ড. খলিলুর রহমান<br>মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | খন্দকার আব্দুল মুক্তাদির<br>মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং<br>বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |


মূল্য : টাকা ৪.০০

(৭) জনাব মোঃ আসাদুজ্জামান — সদস্য
মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(৮) সরদার মোঃ সাখাওয়াত হোসেন — সদস্য
মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(৯) শেখ রবিউল আলম — সদস্য
মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় এবং নৌপরিবহন মন্ত্রণালয়

(১০) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী — সদস্য।

১.২। **সহায়তাদানকারী কর্মকর্তাগণ :**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) সচিব, অর্থ বিভাগ

(৪) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(৫) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

(৬) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

(৭) সচিব, পরিকল্পনা বিভাগ

(৮-১৩) পরিকল্পনা কমিশনের সদস্যগণ

(১৪) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.৩। **কমিটির কার্যপরিধি :**

(১) সকল বিনিয়োগ প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) এবং টেকনিক্যাল এসিস্ট্যান্স প্রজেক্ট প্রপোজাল (টিএপিপি)/ টেকনিক্যাল প্রজেক্ট প্রপোজাল (টিপিপি) বিবেচনা ও অনুমোদন;

(২) সরকারি খাতে ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্বে মোট বিনিয়োগ ব্যয় সংবলিত প্রকল্পসমূহে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার সুপারিশ বিবেচনা ও অনুমোদন;

(৩) উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;

(৪) বেসরকারি উদ্যোগ, যৌথ উদ্যোগ অথবা অংশগ্রহণমূলক বিনিয়োগ কোম্পানিসমূহের প্রস্তাব বিবেচনা;

(৫) দেশের অর্থনৈতিক পরিস্থিতির পরিবীক্ষণ এবং সামগ্রিক অর্থনৈতিক কর্মকান্ড ও এর সঙ্গে সংশ্লিষ্ট নীতি-নির্ধারণী বিষয়সমূহ পর্যালোচনা; এবং

(৬) বৈদেশিক সহায়তার বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ও অনুমোদন এবং উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পর্যালোচনা।

১.৪। কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

১.৫। পরিকল্পনা বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৬। এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২০ আগস্ট ২০২৪ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৪.২৪.১৪৬ স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd